শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, জুলাই ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১৩ জুলাই ২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত পর্যালোচনা | বিগত সভার গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি পর্যালোচনা: জুন/২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার মাসিক সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:<br>সভার তারিখ: ১২/০৬/২৩; গৃহিত সিদ্ধান্তের সংখ্যা: ২৪; গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা: ২০; গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার: ৮৩.৩৩% | জুন/২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার মাসিক সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্ত ২৪ টির মধ্যে ২০টি বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, শ্রীমঙ্গল উপজেলায় কয়েকজন ডেঙ্গু রোগী পাওয়া গেছে। তারা চিকিৎসাধীন অবস্থায় আছেন। মশার কারণে ডেঙ্গু রোগ বিস্তার লাভ করতে পারে। মশাবাহিত রোগ যাতে বিস্তারলাভ করতে না পারে সেজন্য অবশ্যই আপনার বাড়ি চারপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং ঢাকা হতে কোন ডেঙ্গু রোগী আসলে তাকে বাসা/বাড়ির বাহিরে বের হতে দেয়া যাবে না, মশারীর ভিতরে থাকার পরামর্শ প্রদান করতে হবে। সাপের কাটা রোগীর চিকিৎসা হাসপাতালে করা হচ্ছে। তিনি আরো বলেন, হাসপাতালে ডেঙ্গু রোগের টেস্ট মাত্র ১০০/- টাকা ও ম্যালেরিয়া রোগের টেস্ট বিনামূল্যে করা হচ্ছে। এছাড়া হাসপাতালের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় চেয়ারম্যান, মির্জাপুর ইউপি বলেন, মির্জাপুর ইউনিয়ন পরিষদ স্বাস্থ্য কেন্দ্রে প্রতি মঙ্গলবার ০১জন ডাক্তার সেবা প্রদান করবেন। এছাড়া মির্জাপুর ইউনিয়নে ৩টি কমিউনিটি ক্লিনিক খুবই জরাজীর্ণ অবস্থায় আছে সেগুলো পরিদর্শন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানান। | ১। ডেঙ্গু রোগে আক্রান্ত হলে তাকে অবশ্যই হাসপাতালে ভর্তি এবং মশারীর ভিতরে থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। মির্জাপুর ইউনিয়নের কমিউনিটি ক্লিনিকগুলো পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, (১) ২০২৩ সালে আউশ আবাদের চূড়ান্ত লক্ষ্যমাত্রা ১১৫২০ হেঃ এবং চূড়ান্ত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে ৫১১০ হেক্টর। প্রচুর খরা ও অনাবৃষ্টি কারণে আউশ আবাদের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি (২) ২০২২-২৩ অর্থবছরে আমন আবাদের লক্ষ্যমাত্রা ১৫৩৭২ হেক্টর এবং এ পর্যন্ত বীজতলা তৈরী করা হয়েছে ৬১০ হেঃ উফশী এবং লোকাল/স্থানীয় ৮ হেক্টর। বর্তমানে বৃষ্টিপাত পরিস্থিতি স্বাভাবিক থাকায় আমন আবাদের লক্ষ্যমাত্রা অর্জিত হবে আশাবাদ ব্যক্ত করেন। (৩) অনাবাদি ও পতিত জমি আবাদের আওতায় আনয়নের লক্ষ্যে তৈল ফসলের আবাদ এলাকা সম্প্রসারণ ও উৎপাদন বৃদ্ধিকরণ" শীর্ষক প্রকল্প সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, প্রজেক্টটি বাস্তবায়ন করতে আনুমানিক | ১। আগামী ১৮/০৭/২০২৩ তারিখের মধ্যে শ্রীমঙ্গল সার ব্যবসায়ীদের নিয়ে একটি সভা আহবান করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ: কৃষি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৫,৫০,০০০/- টাকা প্রয়োজন। এছাড়া কৃষি বিভাগের সকল কার্যক্রম চলমান আছে।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, সরিষা চাষে আগ্রহী জমির মালিককে একত্রিত করে একটি প্রশিক্ষণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, সমন্বয়ের মাধ্যমে কয়েকটি ইউনিয়নে পাইলট প্রজেক্ট করার অনুরোধ জানান।<br>সভায় চেয়ারম্যান, আশিদ্রোণ ইউপি বলেন, করলা চাষে সাফল্য বেশি। আশিদ্রোণ ইউনিয়নে প্রায় ১ কোটি ২০ লক্ষ টাকার করলা বিক্রি করা হয়েছে। | ২। সমন্বয়ের মাধ্যমে কয়েকটি ইউনিয়নে পাইলট প্রজেক্টের মাধ্যমে সরিষা চাষের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৪ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, আগামী ২৯জুন পবিত্র ঈদুল আযহা অনুষ্ঠিত হয়েছে। সারা বাংলাদেশে ১ লক্ষ ৪১ হাজার কোরবানী প্রদান করা হয়েছে। তার মধ্যে শ্রীমঙ্গল উপজেলায় ১০৫১২টি কোরবানী প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন, শ্রীমঙ্গল শহরের একটি প্রতিষ্ঠানে অসুস্থ গরুকে জবাই করে বিক্রি করা হচ্ছে। তাৎক্ষণিকভাবে তিনি সহকারী কমিশনার (ভূমি) ও পুলিশের সহায়তায় সেই প্রতিষ্ঠানকে মোবাইল কোর্ট পরিচালনা করে শাস্তি ও জরিমানা করা হয়েছে। এছাড়া শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন ইউনিয়নের ক্ষুদ্র নৃগোষ্ঠী পরিবারের মধ্যে গরু ও হাঁসমুরগী বিতরণ করা হবে। সকল ইউনিয়ন পরিষদ হতে ক্ষুদ্র নৃগোষ্ঠী পরিবারের তালিকা পাওয়া গেছে। এছাড়া প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্তঃ ১। মোবাইল কোর্ট নিয়মিতভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৫ | মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, দেশের মৎস্য সম্পদ সংরক্ষন, উন্নয়নের বিষয়ে জনগণের মাঝে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি ও উদ্বুদ্ধকরণের লক্ষ্যে আগামী ২৪ জুলাই হতে ৩০ জুলাই ২০২৩ তারিখে দেশব্যাপী "জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩" উদযাপিত হবে। সপ্তাহব্যাপী এই অনুষ্ঠান সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য তিনি উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা ও উপস্থিতি কামনা করেন। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আগামী ২৪ জুলাই হতে ৩০ জুলাই ২০২৩ তারিখে দেশব্যাপী "জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৩" উদযাপনে সকল চেয়ারম্যান/কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ২০২২-২০২৩ অর্থ বছরের সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সমাপ্ত হয়েছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় চেয়ারম্যান, ভূনবীর ইউপি বলেন, গত কয়েকদিনের অতিবর্ষণে পাত্রিকুল গ্রামে ৩নং ওয়ার্ডে ০১টি ও ৪নং ওয়ার্ডে ০১ ব্রীজের পাড় ভেঙ্গে গেছে। ব্রীজ ২টি পরিদর্শন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>সভায় চেয়ারম্যান, আশিদ্রোণ ইউপি বলেন, গত কয়েকদিনের অতিবৃষ্টিপাতের কারণে আশিদ্রোণ ইউনিয়নের লাংলিয়াছড়া, উদনাছড়া ও ফুলছড়ার বাঁধগুলো ভেঙ্গে গেছে। বাঁধগুলো ভেঙ্গে যাওয়ায় এই এলাকার কৃষকদের ফসলি জমি ও আশপাশের বাড়ি ঘর ভেঙ্গে গেছে। উপজেলা প্রকৌশলী মহোদয় ভেঙ্গে যাওয়া বাঁধগুলো পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানান। | অতিবর্ষণে ক্ষতিগ্রস্থ রাস্তা ও বাঁধের তালিকা উপজেলা প্রকৌশলী বরাবরে প্রস্তুত করে প্রেরণ করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৭ | শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, গ্রীষ্মকালীন ছুটি ও পবিত্র ঈদ-উল-আযহার ছুটি শেষে গত ০৯/০৭/২০২৩ তারিখ হতে স্কুল খুলেছে এবং যথারীতি পাঠদান কার্যক্রম চলছে। তাছাড়া বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় টুর্নামেন্ট/২০২৩ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয়/২০২৩ ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের খেলা ৩১ জুলাই/২০২৩ তারিখের মধ্যে শেষ করার জন্য নির্দেশনা পাওয়া গেছে। ইউনিয়ন পর্যায়ের খেলা আগামী ২২ জুলাই/২০২৩ তারিখের মধ্যেই শেষ হবে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় টুর্নামেন্ট/২০২৩ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয়/২০২৩ ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের খেলা নির্দেশনা অনুযায়ী শেষ করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৮ | মাধ্যমিক | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত থাকায় মাধ্যমিক শিক্ষা | আগামী সভায় উপস্থিত থাকার | উপজেলা মাধ্যমিক শিক্ষা |

| | | | | |
|---|---|---|---|---|
| | শিক্ষা বিভাগ | বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | কর্মকর্তা |
| ০৯ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা অনুপস্থিত থাকায় সমাজসেবা বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, জুন/২৩ইং মাসে শ্রীমঙ্গল উপজেলার সক্ষম দম্পতির সংখ্যা তার ৬৬৩০৭ মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৫১১৫০ এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৭৭.১৪% ছিল। গত জুন মাসে ০৬টি স্থায়ী (পুরুষ-০১ এবং মহিলা-০৫টি) পদ্ধতি, ২১টি আই.ইউ.ডি এবং ১২৬ ইমপ্লান্ট হয়েছে। তিনি আরও বলেন, জুন/২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলায় মোট গর্ভবর্তী মহিলা ছিল ২৬৪৫জন এবং পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন এফডব্লিউসি সেবা কেন্দ্রের মাধ্যমে ৪৬৮জনকে প্রসব পূর্ব সেবা, ০২জনকে প্রসব সেবা, ১৫৩ জনকে প্রসবোত্তর সেবা ৭৬৩জন শিশুকে স্বাস্থ্যসেবা এবং ২৩৮৮জন সাধারণ রোগীকে প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ১১ | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, জুলাই মাসে এফডব্লিউবির বরাদ্দ না থাকায় খাদ্যের ডিও দেয়া সম্ভব হয়নি। বরাদ্দ আসা মাত্রই খাদ্যের ডিও দেয়া হবে। ব্যাংক এশিয়া ও ডাচ বাংলা ব্যাংক গত ভিজিডি উপকারভোগীদের সঞ্চয়ের অর্থ ফেরত দিতে নানা সমস্যার সৃষ্টি করেছে বিধায় সকল ইউপি চেয়ারম্যানদের মতামত নিয়ে উপজেলা মহিলা বিষয়ক ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ হিসাবে সঞ্চয়ের অর্থ জমা রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া মা ও শিশু সহায়তা কর্মসূচির উপকারভোগীদের ৬ মাসের অর্থ তাদের বিকাশ নাম্বারে চলে যাচ্ছে। আর যাদের বিকাশ নাম্বার ভুল তারা যেন অফিসে যোগাযোগ করেন। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারের যৌথ হিসাবে ভিজিডি'র সঞ্চয়ের অর্থ জমা রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১২ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৩ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | যে সমিতি গুলো কার্যকর নয়। সেগুলো বাতিল করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৫ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শ্রীমঙ্গল। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় উপ-সহ প্রকৌশলী জনস্বাস্থ্য বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপ-সহপ্রকৌশলী (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| ১৭ | বন বিভাগ | সভায় বন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৮ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, (১) বোরো সংগ্রহ/২০২৩ (ধান ও চাল) কার্যক্রম চলমান। ৮৮৫ মে:টন ধানের লক্ষ্যমাত্রার বিপরীতে অদ্য ১৩/০৭/২০২৩খ্রি: পর্যন্ত ৪২২ মে:টন ধান এবং ৪০০০ মে:টন চালের লক্ষ্যমাত্রার বিপরীতে অদ্য ১৩/০৭/২৩ পর্যন্ত ২৮২০ মে:টন চাল সংগ্রহ করা হয়েছে। সংগ্রহ কার্যক্রম ৩১/০৮/২৩ পর্যন্ত চলমান থাকবে। (২) চলতি মাসের ১৬/০৭/২৩ হতে ২২/০৭/২০২৩ তারিখ পর্যন্ত খাদ্যশস্য | ইউনিয়ন পরিষদ হতে প্রকৃত টিসিবি কার্ডধারীদের তালিকা প্রস্তুত করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ | উপজেলা খাদ্য কর্মকর্তা |

<table>
<tr><td></td><td></td><td>লাইসেন্স সপ্তাহ উদ্‌যাপন করা হবে। (৩) চলতি মাস হতে টিসিবি কার্ডধারীগণকে ৫ কেজি করে ৩০ টাকা ধরে ওএমএস এর চাল টিসিবির অন্যান্য পণ্যের পাশাপাশি চাল ও ক্রয় করতে পারবেন। এছাড়া খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, টিসিবি পন্য কারা পায়। প্রকৃত তালিকা না থাকার কারণে যারা পাওয়া যোগ্য তারা পায়না। তিনি প্রকৃত তালিকা প্রস্তুত করার জন্য সভায় প্রস্তাব করেন।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, ইউনিয়ন পরিষদ থেকে পূর্বে যে তালিকা প্রস্তুত করা হয়েছিল এবং করোনার সময় যে তালিকা ছিল তারই টিসিবি পন্য পেয়ে থাকে। নতুন তালিকা প্রস্তুত করার অনুরোধ জানান।<br><br>সভায় চেয়ারম্যান, সিন্দুরখান ইউপি বলেন, সিন্দুরখান ইউনিয়নে ১২০০ কার্ডধারীদের মধ্যে ৯০০জন কার্ডধারীগণ টিসিবির পন্য নিয়ে থাকেন। বাকি ৩০০ কার্ড অন্যান্যদের মধ্যে বিতরণ করা হয়। তিনি নতুন করে কার্ড তৈরির প্রস্তাবকে সম্মত জ্ঞাপন করেন।</td><td>জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td></td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা)</td><td>উপজেলা ডেভেলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জনান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য শ্রীমঙ্গল উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগ/দপ্তরের অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনা দাখিলের জন্য আহবান করা হলে, উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ হতে ০১ টি উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করেন। উক্ত উপপ্রকল্প প্রস্তাবনাটি উপজেলা প্রকল্প নির্বাচন কমিটি (পিএসসি) জনগুরুত্বপূর্ণ উপপ্রকল্প হিসাবে নির্বাচন করেন। অতঃপর তিনি উপ-প্রকল্প প্রস্তাবনাটি পড়ে শুনান ও অনুমোদনের জন্য উপস্থাপন করেন।<br><br><table><tr><th>ক্র. নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত অর্থ (ভ্যাট/ট্র্যাক্স ব্যতীত)</th><th>খরচের উৎস</th></tr><tr><td>০১</td><td>শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বাস্তবধর্মী শিক্ষান্নোয়নের জন্য সাইন্স পার্ক স্থাপন।</td><td>৪০০০০০০.০০</td><td>ইউজিডিপি</td></tr><tr><td colspan="2">মোট</td><td>৪০০০০০০.০০</td><td></td></tr></table></td><td>সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে উপ-প্রকল্প প্রস্তাবনা নিয়ে উপরিউক্ত উপ-প্রকল্পটি বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</td><td>ইউডিএফ (জাইকা)</td></tr>
<tr><td>২০</td><td>পল্লী বিদ্যুৎ বিভাগ</td><td>সভায় পল্লী বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি জানান, ঝড় তুফানে রাস্তা এবং বাড়ির গাছ পড়ে বৈদ্যুতিক লাইনে প্রচন্ড ক্ষতি সাধিত হচ্ছে। এছাড়া লোকবল কম থাকার কারণে গ্রাহকদের জরুরী সেবা প্রদান পেতে কিছুটা বিলম্বিত হচ্ছে। তাছাড়া বর্তমানে ট্রান্সফরমার চুরির প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। সকলকে সরকারি সম্পত্তি রক্ষা করার ব্যাপারে সকলকে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ জানান। বর্তমানে লোডশেডিং চলমান আছে। সকলকে ধৈর্য্য সহকারে মোকাবেলা করার জন্য অনুরোধ জানান।</td><td>লোডশেডিং এর কারণে জনসাধারণের ভোগান্তি যাতে কম হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ, শ্রীমঙ্গল</td></tr>
<tr><td>২১</td><td>বিবিধ: ০১</td><td><u>শিক্ষা ভাতা সংক্রান্ত:</u> উপজেলা পরিষদে কর্মরত কর্মচারী জনাব কামাল আহমেদ, অফিস সহায়ক, শ্রীমঙ্গল, মৌলভীবাজার এর মেয়ের বয়স ০৬ হওয়াতে, স্কুলে ভর্তির প্রত্যয়ন পত্র ও জন্মনিবন্ধনের কপি আবেদনের সাথে যুক্ত করে শিক্ষা ভাতার পাওয়ার জন্য আবেদন করেছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে উপজেলা পরিষদ কর্মচারী জনাব কামাল আহমেদকে, শিক্ষা ভাতা প্রদান করা যেতে পারে।</td><td>বিবি মোতাবেক উপজেলা পরিষদ কর্মচারী জনাব মো: কামাল আহমেদ, অফিস সহায়ক এর শিক্ষা ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>২২</td><td>বিবিধ: ০২</td><td><u>উপজেলা পরিষদ শহীদ মিনার নির্মাণ সংক্রান্তঃ</u> সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সকল ইউপি চেয়ারম্যানগণ ও কর্মকর্তাবৃন্দ জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে কোন শহীদ মিনার নেই। উপজেলা পরিষদে শহীদ মিনার না থাকায় পৌর শহীদ মিনারে গিয়ে বিভিন্ন জাতীয় দিবসে পুষ্পস্তবক অর্পণ করতে হয়। এতে বিভিন্ন সময়ে বিশৃঙ্খলা সৃষ্টি হয়। পরিষদ মাঠ সংলগ্ন স্থানে শহীদ স্মৃতিস্তম্ভ/শহীদ মিনার নির্মাণের প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে শহীদ মিনার স্থাপন করার জন্য সর্বসম্মতি সিদ্ধান্ত গৃহিত হয় এবং উপজেলা প্রকৌশলীকে একটি প্রাক্কলন প্রস্তুত করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | বিবিধ: ০৩ | ল্যাপটপ ক্রয় সংক্রান্ত: সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদে ব্যবহৃত ল্যাপটপগুলো পুরাতন হয়ে যাওয়ায় বর্তমান সরকারের বিভিন্ন ধরনের ই-নথি ট্রেনিং কিংবা ডি-নথি সংক্রান্ত কাজকরণে নানাবিধ সমস্যা সৃষ্টি হচ্ছে। তিনি উপজেলা পরিষদের কাজে ব্যবহারের জন্য দুইটি ল্যাপটপ ক্রয় করার প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহে কোটেশনের মাধ্যমে দুটি ল্যাপটপ ক্রয় করার জন্য নিম্নরূপ একটি কোটেশন কমিটি গঠন করা হয়।<br>১। জনাব দীলিপ কুমার বর্ধন<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শ্রীমঙ্গল........আহ্বায়ক<br>২। জনাব অসীম কুমার কর<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল.............সদস্য<br>৩। জনাব মো: মনিরুজ্জামান<br>উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, শ্রীমঙ্গল......সদস্য | উক্ত কোটেশন কমিটি দ্রুত ল্যাপটপ ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |
| ২৪ | বিবিধ: ০৪ | সভায় ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ বলেন, তাদের কক্ষের সৌন্দর্যবর্ধন করা খুবই প্রয়োজন। কক্ষের একপাশে বাথরুম থাকার কারণে দেয়ালের রং কষে কষে পড়ে যাচ্ছে। তাই জরুরী ভিত্তিতে রুম সংস্কার করার প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে কক্ষ সংস্কারের অনুরোধ জানানো হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ভাইস চেয়ারম্যানদ্বয়ের কক্ষ সংস্কারের জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার শ্রীমঙ্গল |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.২২

তারিখ: ২৬/০৭/২০২৩

বিতরণ: কার্যার্থে।
১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা........................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান........................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম........................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।........................................................।

২৬.০৭.২৩
(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

## পরিশিষ্ট-'ক'

### সভার উপস্থিতি ঃ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| | উপস্থিত সদস্যবৃন্দ | |
| ০১ | জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন, উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্বাক্ষরিত/- |
| ০২ | জনাব মোহাম্মদ লিটন আহমেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্বাক্ষরিত/- |
| ০৩ | জনাব মিছলু আহমেদ চৌধুরী, চেয়ারম্যান, ১নং মির্জাপুর ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্বাক্ষরিত/- |
| ০৪ | জনাব মোঃ আব্দুর রশীদ, চেয়ারম্যান, ২নং ভূনবীর ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্বাক্ষরিত/- |
| ০৫ | জনাব মোঃ ইয়াছিন আরাফাত রবিন, চেয়ারম্যান, ৪নং সিন্দুরখান ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্বাক্ষরিত/- |
| ০৬ | জনাব রণেন্দ্র প্রসাদ বর্ধন, চেয়ারম্যান ৬নং আশিদ্রোণ ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্বাক্ষরিত/- |
| ০৭ | জনাব প্রানেশ গোয়ালা, চেয়ারম্যান, ৮নং কালিঘাট ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্বাক্ষরিত/- |
| ০৮ | জনাব দেবাশীষ দেব রাখু, চেয়ারম্যান ৯নং সাতগাও ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্বাক্ষরিত/- |
| | উপস্থিত কর্মকর্তাবৃন্দ | |
| ০১ | জনাব আলী রাজিব মাহমুদ মিঠুন উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল | স্বাক্ষরিত/- |
| ০২ | জনাব ডাঃ মোঃ সাজ্জাদ হোসেন চৌধুরী, উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্বাক্ষরিত/- |
| ০৩ | জনাব মোঃ মহিউদ্দিন, উপজেলা কৃষি অফিসার, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ০৪ | জনাব মোঃ ফারাজুল কবির, উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ০৫ | ডাঃ কর্ণ চন্দ্র মল্লিক, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ০৬ | জনাব মোঃ ইউসুফ হোসেন খান, উপজেলা প্রকৌশলী, শ্রীমঙ্গল | স্বাক্ষরিত/- |
| ০৭ | জনাব জ্যোতিষ রঞ্জন দাশ (ভারপ্রাপ্ত), উপজেলা শিক্ষা অফিস, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ০৮ | মিসেস শাহেদা আক্তার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ০৯ | জনাব মোঃ নজমুল হোসেন, উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ) | স্বাক্ষরিত/- |
| ১০ | জনাব মোঃ আমিরুল ইসলাম, উপজেলা সমবায় কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার। | স্বাক্ষরিত/- |
| ১১ | জনাব নিশীথ বরণ রায়, ইউডিএফ (জাইকা), শ্রীমঙ্গল, মৌলভীবাজার | স্বাক্ষরিত/- |
| ১২ | জনাব নাজমুল হক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ১৩ | জনাব দিপক চন্দ্র মন্ডল, উপজেলা খাদ্য কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ১৪ | জনাব আবু সালেহ মোঃ জাকির, উপজেলা পঃপঃ কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ১৫ | জনাব রুনা চৌধুরী, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ১৬ | জনাব অমলেন্দু সূত্রধর, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, শ্রীমঙ্গল। | স্বাক্ষরিত/- |
| ১৭ | জনাব মোঃ আশরাফ হায়দার, এজিএম ও এডএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি | স্বাক্ষরিত/- |
| | অনুপস্থিত | |
| ০১ | মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা, শ্রীমঙ্গল। | অনুপস্থিত/- |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল | অনুপস্থিত/- |
| ০৩ | জনাব মোঃ দুধু মিয়া, চেয়ারম্যান, ৩নং শ্রীমঙ্গল | অনুপস্থিত/- |
| ০৪ | জনাব এম.এ. মতলিব, চেয়ারম্যান, ৫নং কালাপুর ইউপি, শ্রীমঙ্গল। | অনুপস্থিত/- |
| ০৫ | জনাব বিজয় বুনার্জী, চেয়ারম্যান, ৭নং রাজঘাট ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | অনুপস্থিত/- |
| ০৬ | রেঞ্জ বন কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | অনুপস্থিত/- |
| ০৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শ্রীমঙ্গল। | অনুপস্থিত/- |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শ্রীমঙ্গল | অনুপস্থিত/- |
| ০৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শ্রীমঙ্গল | অনুপস্থিত/- |
| ১০ | শাখা ব্যবস্থাপক, আমার বাড়ী আমার খামার প্রকল্প | অনুপস্থিত/- |
| ১১ | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | অনুপস্থিত/- |

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার

sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, আগষ্ট ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভার তারিখ ঃ ২১ আগষ্ট ২০২৩ খ্রিঃ

সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত পর্যালোচনা | বিগত সভার গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি পর্যালোচনাঃ জুলাই/২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার মাসিক সমম্বয় সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপঃ<br>সভার তারিখ: ১৩/০৭/২৩; গৃহিত সিদ্ধান্তের সংখ্যা: ১৬; গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা: ১৫; গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার: ৯৩.৩৩% | জুলাই/২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার মাসিক সমম্বয় সভায় গৃহিত সিদ্ধান্ত ১৬ টির মধ্যে ১৫টি বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় স্বাস্থ্য বিভাগের কোন তথ্য পাওয়া যায়নি। আগামী সভায় তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অনুপস্থিত থাকায় কোন সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব হয়নি। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, (১) ২০২৩ সালে আউশ আবাদের চূড়ান্ত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে ৫১১০ হেক্টর। অদ্য ২০/০৮/২০২৩ তারিখ পর্যন্ত ৪৫% কর্তন সম্পন্ন হয়েছে। বিভিন্ন ইউনিয়নের শস্য কর্তন রিপোর্ট অনুযায়ী ধানের মান ও পরিমাণ ভালো হয়েছে।<br>(২) ২০২৩ অর্থবছরে রোপা আমন লক্ষ্যমাত্রা ১৫৩৬৫ হেক্টর এবং এ পর্যন্ত বীজতলা তৈরী করা হয়েছে ৭৮৫ হেক্টর। ২০/০৮/২০২৩ তারিখ পর্যন্ত অর্জিত রোপা আমন আবাদ পরিমাণ ক) হাইব্রীড- ৫ হেক্টর, খ) উফশী-১২৫১০ হেক্টর এবং গ) স্থানীয় ২০২ হে, মোট ১২৭১৭ হেঃ। পর্যাপ্ত বৃষ্টিপাত থাকায় লক্ষ্যমাত্রা অর্জন করা যাবে। এছাড়া কৃষি বিভাগের সকল কার্যক্রম চলমান আছে।<br>বিভিন্ন প্রকল্পর প্রশিক্ষন কার্যক্রমে সরিষা আবাদ আগ্রহী কৃষকদের মাঝে সচেতনতা ও চাষ আগ্রহী কৃষক সৃষ্টির চেষ্টা করা হচ্ছে বলে কৃষি কর্মকর্তা জানান।<br>১৮/০৭/২০২৩তারিখে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে বিসিআইসি সার ডিলার ও খুচরা সার ডিলারদের দিয়ে মতবিনিময় সভা আয়োজন করা হয়েছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, সমলয়ের মাধ্যমে উপজেলা পরিষদের অর্থায়নে কালাপুর ইউনিয়নে শস্য চাষাবাদে কি পরিমাণ অর্থ | ১। সমলয়ের মাধ্যমে সরিষা চাষের প্রকৃত খরচের তালিকা প্রস্তত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। মির্জাপুর বাজারে গিয়ে সারের দাম উর্ধ্বগতির বিষয়টি পরিদর্শনক্রমে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ: কৃষি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ব্যয় হবে এবং কি পরিমাণ আর্থিকভাবে লাভবান হওয়া যাবে তার একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করে সভাকে অবহিত করার অনুরোধ জানান।<br>সভায় চেয়ারম্যান, ৬নং আশিদ্রোণ ইউপি বলেন, আশিদ্রোণ ইউনিয়নে সরিষা চাষ করতে যত ধরনের সহযোগিতার প্রয়োজন আশিদ্রোণ ইউনিয়নের পক্ষ থেকে তা করা হবে।<br>সভায় চেয়ারম্যান, মির্জাপুর ইউপি বলেন, সারের দাম খুবই উর্ধ্বগতিতে বৃদ্ধি পাচ্ছে। কৃষি অফিসের মাঠ পর্যায়ে মাঠকর্মীরা ইউনিয়নের প্রত্যেক দোকানে দোকানে গিয়ে সার সম্পর্কে মনিটরিং করার অনুরোধ জানান। | | |
| ০৪ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৫ | মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব বাজেটের আওতায় শ্রীমঙ্গল উপজেলার ১৩টি সরকারি/প্রাতিষ্ঠানিক পুকুর ও ১টি উন্মুক্ত জলাশয়ে সর্বমোট ৪১১ কেজি কার্পজাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি খাতে কোন বরাদ্ধ পাওয়া যায়নি। ১। উপজেলা প্রকৌশলী বলেন, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের নির্মিত মাল্টিপারপাস বিল্ডিংয়ের বাণিজ্যিক সংযোগের আবেদনের প্রেক্ষিতে নিরাপত্তা জামানত প্রদান করতে হয়। এই জামানতের পরিমাণ ৫৪১১৫/- (লাইন নির্মাণ) টাকা। ২। মির্জাপুর ইউনিয়নের রাস্তার পাশে অনেকগুলো মরা, ঝড়া উপড়ে পড়া গাছ রয়েছে সেগুলো মির্জাপুর ইউপি চেয়ারম্যান ও বনকর্মকর্তাসহ গাছগুলো পরিদর্শন করা হয়েছে। বনকর্মকর্তা গাছগুলো মার্কিং করার পর গাছগুলো মূল্য ও কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে আশ্বস্ত করেছেন। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় চেয়ারম্যান, আশিদ্রোণ ইউপি বলেন, গত মাসের মাসিক সভায় অতিবৃষ্টিপাতের কারণে আশিদ্রোণ ইউনিয়নের লাংলিয়াছড়া, উদনাছড়া ও ফুলছড়ার ভেঙ্গে যাওয়া বাঁধগুলো পরিদর্শনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কথা থাকলেও উপজেলা প্রকৌশলী কোন ব্যবস্থা গ্রহণ করেননি।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, যে বাঁধগুলো ভেঙ্গে গেছে আশিদ্রোণ ইউপি'র চেয়ারম্যান এর সাথে আলোচনাক্রমে যে বাঁধগুলো জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন তার তালিকা এবং কি পরিমাণ অর্থ ব্যয় হবে তার প্রাক্কলন প্রস্তুতকরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | অতিবর্ষণে ক্ষতিগ্রস্ত রাস্তা ও বাঁধের তালিকা ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতায় প্রস্তুত করে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। মির্জাপুর ইউনিয়নের রাস্তার পাশে যে গাছগুলো মরা এবং ডাল ভেঙ্গে রাস্তার উপরে পড়বে সেই গাছগুলো কর্তনের প্রয়োজনীয় ব জন্য উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান মির্জাপুর ও বনকর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৩। ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের নির্মিত মাল্টিপারপাস বিল্ডিংয়ের বাণিজ্যিক সংযোগের নিরাপত্তা জামানত বাবদ ৫৪১১৫/- (লাইন নির্মাণ) টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও মির্জাপুর, আশিদ্রোণ ইউপি চেয়ারম্যান এবং বর্নকর্মকর্তা। |
| ০৭ | শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি বলেন, শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, একটি নতুন উদ্যোগ করা হয়েছে। উপজেলা পরিষদের অভ্যন্তরে যতজন কর্মকর্তা রয়েছেন তাদেরকে প্রত্যেক প্রাইমারী স্কুলে ভাগ করে দেয়া হবে। কর্মকর্তাগণ প্রত্যেকটি স্কুলে গিয়ে দেখবেন রিপোর্ট দিবেন স্কুলে কতজন ছাত্র/ছাত্রী উপস্থিতির হার, শিক্ষকগণ সঠিক সময়ে স্কুলে উপস্থিত হচ্ছেন কিনা। প্রত্যেক সোমবার তার ফলাফল জানাবেন। | প্রত্যেক কর্মকর্তাবৃন্দ | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত থাকায় মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তার বলেন, বয়স্ক, বিধবা, স্বামী নিগৃহিতা ভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা অনলাইনে আবেদন করার জন্য সরকার নির্দেশনা প্রদান করেছেন। আবেদনের সময় দেয়া হয়েছে ১০ আগস্ট হতে ১০ সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত। নির্ধারিত সময়ে মধ্যে উপকারভোগীদেরকে আবেদনের জন্য প্রচার ও উদ্যোক্তাদের মাধ্যমে অনলাইনে করার অনুরোধ জানান।<br>২। বয়স্ক, বিধবা, স্বামী নিগৃহিতা ও অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা গ্রহিতা জীবিত আছেন কি না যাচাই করার জন্য (লাইভ ভেরিফিকেশন) করার জন্য সরকার হতে নির্দেশনা পাওয়া গেছে। প্রত্যেক ইউনিয়নে লাইভ ভেরিফিকেশন করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। | ১। বয়স্ক, বিধবা, স্বামী নিগৃহিতা ভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা অনলাইনে সঠিকভাবে সেবা প্রদান করা হচ্ছে কি না সকল ইউপি চেয়ারম্যানকে এবিষয়ে সার্বিক সহযোগিতা করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। বয়স্ক, বিধবা, স্বামী নিগৃহিতা ও অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা গ্রহিতা জীবিত আছেন কি না যাচাই করার জন্য ইউপি সদস্য ও সদস্যাগণ নিজ নিজ ওয়ার্ডে গিয়ে সমাজসেবা কর্তৃক প্রদত্ত নামের তালিকায় ভাতাভোগীর নামের পাশে নিজ নিজ স্বাক্ষর প্রদান করে বিষয়টি চিহ্নিত করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) ইউপি। |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে জানা যায়নি। আগামী সভায় তথ্য সহকারে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অনুপস্থিত থাকায় সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ১১ | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, জুলাই মাসে এফডব্লিউবির বরাদ্দ পাওয়া যায়নি। খাদ্য বরাদ্দ পাওয়া সাপেক্ষে ডিও দেয়া হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচির জুলাই ও আগষ্ট মাসের অনলাইন এন্ট্রি সম্পন্ন হয়েছে। প্রতি মাসের ১-২০ তারিখের মধ্যে অনলাইন এন্ট্রি চলবে ভাতাভোগী নির্বাচনের শর্তানুযায়ী। এছাড়া আইজিএ কার্যক্রম জুন মাসে শেষ হয়েছে। ডব্লিউটিসি কার্যক্রমে ৩০ জন মহিলা প্রশিক্ষন গ্রহণ করছেন। কিশোর কিশোরী ক্লাব প্রায় ১০টি'র মত চলমান আছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ট্রেনিং সংক্রান্ত কার্যক্রম মনিটরিং কার্যক্রম সক্রিয় রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১২ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৩ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগ সম্পর্কে জানা যায়নি, আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলো হলো। | - | উপজেলা সমবায় কর্মকর্তা,শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, ২০২৩-২৪ অর্থবছরে রাজস্ব খাতের ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০ জন। বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ শুরু হবে। এছাড়া টেকাব-২ পর্যায় প্রকল্পের আওতায় শ্রীমঙ্গল উপজেলায় আগামী পহেলা সেপ্টেম্বর/২৩ থেকে ০২ মাস মেয়াদী মোবাইল ভ্যানে কম্পিউটার প্রশিক্ষণ শুরু হবে। সে প্রেক্ষিতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে ভর্তি ফরম বিতরণ চলছে। এ বিষয়টি আজকের সভার মাধ্যমে সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়গণকে অবহিত করা হলো। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | টেকাব-২ পর্যায় প্রকল্পের আওতায় শ্রীমঙ্গল উপজেলায় আগামী পহেলা সেপ্টেম্বর/২৩ থেকে ০২ মাস মেয়াদী মোবাইল ভ্যানে কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়টি ইউনিয়নে প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল ও চেয়ারম্যান সকল ইউপি, শ্রীমঙ্গল। |
| ১৫ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শ্রীমঙ্গল। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় উপ-সহ প্রকৌশলী জনস্বাস্থ্য বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপ-সহ:প্রকৌ: (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| ১৭ | বন বিভাগ | সভায় বন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, (১) বোরো সংগ্রহ/২০২৩ মৌসুমে ধান ৮৮৫ মে:টন ধানের লক্ষ্যমাত্রার বিপরীতে ৭৪৩ মে:টন ধান সংগ্রহ হয়েছে। এবং চাল বরাদ্দের সম্পূর্ণ ৪০২০ মে:টন সংগ্রহ হয়েছে। সংগ্রহ ৩১ আগষ্ট পর্যন্ত চলমান থাকবে। (২) খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় মন্ত্রণালয়ের সর্বশেষ নির্দেশনা মোতাবেক সেপ্টেম্বর ও অক্টোবর মাসের (২ মাসের) চাল একসাথে উত্তোলন ও বিতরণ ১৬/০৮/২৩ হতে ২২/০৮/২০২৩খ্রি: তারিখের মধ্যে ভোক্তাদের মধ্যে বিতরণ হবে। (৩) টিসিবি ডিলারদের মাধ্যমে ওএমএস চাল টিসিবি কার্ডধারীগণকে ৫ কেজি করে ৩০ টাকা ধরে ওএমএস এর চাল বিতরণ কার্যক্রম চলমান আছে। এছাড়া খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের সকল প্রকার বরাদ্দ সংক্রান্ত কাগজপত্র ইউনিয়ন পরিষদ কার্যালয়ের মেইলে পত্র আকারের প্রেরণ করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) | উপজেলা ডেভেলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জনান যে, শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বাস্তবধর্মী শিক্ষান্নোয়নের জন্য সাইন্স পার্ক স্থাপন" প্রকল্প প্রস্তাবনাটি মন্ত্রণালয় হতে সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। প্রকল্পের নামে বরাদ্দকৃত ৪০০০০০০.০০ টাকা ব্যাংক একাউন্টে জমা হওয়া মাত্রই পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে উপ-প্রকল্প প্রস্তাবনা নিয়ে উপরিউক্ত উপ-প্রকল্পটি বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ইউডিএফ (জাইকা) |
| ২০ | বিবিধ: ০১ | **উচ্চতর গ্রেড সংক্রান্ত:** উপজেলা পরিষদে কর্মরত কর্মচারী ১। জনাব সুদীপ দাশ, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও ২। জনাব মো: তোয়েল আহমেদ, গাড়ীচালক এর গত ১৫/০৫/২০২২ তারিখে চাকুরীকাল ১০ বছর পূর্ন হয়। কিন্তু স্থানীয় সরকার হতে কোন নির্দেশনা না পাওয়া ০২জন কর্মচারীর উচ্চতর গ্রেড প্রদান সম্ভব হয়নি। পুনরায় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের উপজেলা-০১ শাখার ২৪ জুলাই ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০ (অংশ-১)- ৩৫৩নং স্মারকে উপজেলা পরিষদ কার্যালয়ে কর্মরত সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও গাড়ীচালকদের উচ্চতর গ্রেড প্রদান সংক্রান্ত নির্দেশনা পাওয়া গেছে। উক্ত নির্দেশনার আলোকে কর্মচারীদেরকে উচ্চতর গ্রেড প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | বিবি মোতাবেক উপজেলা পরিষদ কর্মচারী ১। জনাব সুদীপ দাশ, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও ২। জনাব মো: তোয়েল আহমেদ, গাড়ীচালক এর উচ্চতর গ্রেড প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ২১ | বিবিধ ০২ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠান, ব্যক্তি অনুদান প্রদানের জন্য পরিষদের সম্মানিত চেয়ারম্যান এঁর সুপারিশের ভিত্তিতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যক্তি ও সংগঠনের অনুকূলে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | গুরুপদ মোদক, পি: হরেন্দ্র চন্দ্র মোদক, লাহারপুর (কুড়িপাড়া) সিন্দুরখান, শ্রীমঙ্গল | কৃত্রিম পা লাগানোর জন্য | ৩৫০০০/- |
| ০২ | মো: মশাহিদ মিয়া, পি: আনছার মিয়া, মির্জাপুর। | অগ্নিকান্ডে নৌকা পুড়ে যাওয়ায় আর্থিক সহায়তা | ৫০০০/- |
| ০৩ | মো: সুলতান মিয়া, পি: আনছার মিয়া, মির্জাপুর। | অগ্নিকান্ডে নৌকা পুড়ে যাওয়ায় আর্থিক সহায়তা | ৫০০০/- |
| ০৪ | অনুজ বুর্নাজী, হরিণছড়া ফুটবল টুর্নামেন্ট কমিটি, রাজঘাট | বল ও জার্সি প্রদান বাবদ আর্থিক সহায়তা | ৩০০০/- |
| ০৫ | ফুরকান মিয়া, পি: ছমেদ | কিডনী রোগের | ৩০০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | মিয়া, আশিদ্রোণ, | চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা | | |
| ২২ | বিবিধ: ০৩ | **উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত সংক্রান্তঃ** শ্রীমঙ্গল উপজেলা পরিষদের জীপগাড়ী মৌলভীবাজার ঘ-১১-০০৮৬ এর মেরামত কাজের জন্য জীপগাড়ী মেরামতকারী প্রকৃত প্রতিষ্ঠানের নিকট কোটেশন দাখিলের জন্য ০৯/০৮/২০২৩ তারিখ নির্ধারণ করে কোটেশন বিজ্ঞপ্তি জারী করা হয়েছিল। সে মোতাবেক মোট ০৩টি কোটেশন পাওয়া গিয়েছে। প্রাপ্ত কোটেশন যাচাই ও বাছাই কমিটির মাধ্যমে দেখা যায় যে, মেসার্স এম.এস.মটরস, প্রো: মো: সমুজ মিয়া, হবিগঞ্জ রোড, শ্রীমঙ্গল কর্তৃক দাখিলকৃত কোটেশন সর্বনিম্ন মং-২৪০৩১৬/- (দুই লক্ষ চল্লিশ হাজার তিনশত ষোল) টাকা মাত্র। | | মেসার্স এম.এস.মটরস, প্রো: মো: সমুজ মিয়া, হবিগঞ্জ রোড, শ্রীমঙ্গল কর্তৃক দাখিলকৃত কোটেশন সর্বনিম্ন মং-২৪০৩১৬/- (দুই লক্ষ চল্লিশ হাজার তিনশত ষোল) টাকা হওয়ায় উক্ত কোটেশন সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ২৩ | বিবিধ:০৪ | সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের চারপাশের ঝোপঝাড়, ময়লা আবর্জনা ও পুরাতন বিল্ডিং এর ছাদ এবং আবাসিক ভবনের ছাদগুলোতে গাছের পাতা পড়ে শ্যাওলা ও ছোট ছোট গাছ উঠে বিল্ডিং এর ছাদের প্রচন্ড ক্ষতি সাধিত হচ্ছে। তাছাড়া ডেঙ্গুর প্রভাব রয়েছে। তাই জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ ও আবাসিক ভবন সমূহের ড্রেন, জঙ্গল পরিষ্কার করা অত্যন্ত প্রয়োজন। | | উপজেলা পরিষদের চারপাশের ঝোপঝাড়, ময়লা আবর্জনা ও পুরাতন বিল্ডিং এর ছাদ এবং আবাসিক ভবনের ছাদগুলোতে গাছের পাতা পড়ে শ্যাওলা ও ছোট ছোট গাছ ও ড্রেন দ্রুত পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৪ | বিবিধ: ০৫ | সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদে ব্যবহৃত আইপিএসটি ২০১৬-১৭ অর্থ বছরে ক্রয় করা হয়। বর্তমানে আইপিএস কাজ করছেনা। ফলে বিদ্যুৎ চলে গেলে অফিস কার্যক্রম পরিচালনার জন্য জরুরী ভিত্তিতে অফিসে আইপিএস স্থাপন করা প্রয়োজন। যেহেতু অফিসে অনেকগুলো কম্পিউটার ও রুমে বিদ্যুৎ সাপ্লাই প্রয়োজন হয়। সেহেতু দুটি আইপিএস স্থাপনের মাধ্যমে বিদ্যুতের সমস্যা সমাধান করা যেতে পারে। | | উক্ত প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২টি আইপিএস ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.৩৬

তারিখ: ২৪/০৯/২০২৩

বিতরণ: কার্যার্থে।

১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা..................................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান..........................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম..................................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।.......................................................।

২৪.০৯.২৩

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল, মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, সেপ্টেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ শ্রীমঙ্গল, মৌলভীবাজার। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| সভার তারিখ | ঃ ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ |
| সময় | ঃ বেলা ১২.০০ ঘটিকা। |

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট ''ক''-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত পর্যালোচনা | বিগত সভার গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি পর্যালোচনা: আগষ্ট/২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার মাসিক সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:<br>সভার তারিখ: ২১/০৮/২৩; গৃহিত সিদ্ধান্তের সংখ্যা: ১৬; গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা: ১৬; গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার: ১০০% | আগষ্ট/২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার মাসিক সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তগুলো বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, শ্রীমঙ্গল উপজেলায় অবৈধভাবে লাইসেন্স বর্হিভূত ডায়গণষ্টিক বৃদ্ধি পাচ্ছে। অবৈধ ও লাইসেন্সবিহীন সেন্টারগুলোতে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে এবং যে সকল প্রতিষ্ঠানগুলোতে লাইসেন্স নেই তাদেরকে আগামী ০৭ দিনের মধ্যে তাদের সকল কাগজপত্র সংশোধন করে অত্র কার্যালয়কে অবহিত করার জন্য বলা হয়েছে। সঠিক প্রমাণাদি দিতে ব্যর্থ হলে সেইসব প্রতিষ্ঠানকে সিলগালা করা হবে। এছাড়া হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অবৈধভাবে স্থাপিত ডায়গণষ্টিক সেন্টার ছাড়াও স্বাস্থ্যসেবায় নিয়োজিত প্রতিষ্ঠানগুলোকে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩ | কৃষি বিভাগ | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, কৃষকরা সেচ কমিটির প্রত্যয়ন পাওয়ার জন্য বিভিন্ন সময় আবেদন করে থাকেন। কিন্তু তারা কোথায় আবেদন করবে এবং কিভাবে তার সুফলভাবে তা অনেক জানা নেই, কৃষি কর্মকর্তা, সেচ বিষয়ের কোন তথ্য জানা থাকলে তা সভায় উপস্থাপন করার জন্য বলেন।<br>সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, গত কিছুদিন আগে বিএডিসি উপ-সহকারী শ্রীমঙ্গলে আসেন, তিনি সেচ কমিটির প্রত্যয়ন সম্পর্কিত একটি গেজেট অত্র কার্যালয়কে প্রদান করেন, তিনি বলেন, সেচ নলকূপ পেতে হলে আবেদন করতে হবে এবং গভীর নলকূপ বাবদ ৩০০০/- টাকা অগভীর নলকূপ বাবদ ১০০০/- টাকা ফিস প্রদান করতে হবে। এছাড়া আরো জানা যায়, গেজেট হয়েছে কিন্তু কৃষি মন্ত্রণালয় হতে কোন নির্দেশনা পাওয়া যায়নি। | জনগণকে সেচ সুবিধা সাম্ভাব্য দ্রুততম সময়ে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। এক্ষেত্রে সেচের প্রত্যয়ন সম্পর্কিত বিষয়ে একটি সভা আহবান করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ: কৃষি কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৫ | মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ক) ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি খাতে বরাদ্দ পাওয়া গেছে। তিনি সকল সম্মানিত চেয়ারম্যানবৃন্দকে দ্রুততার সহিত চুড়ান্ত প্রকল্প তালিকা প্রস্তুত করে কাজ বাস্তবায়ন করার অনুরোধ জানান। খ) বিজিবি অফিস রাস্তায় আরসিসি গার্ডার ব্রীজটি অতি পুরাতন হওয়ায় ব্যবহার অযোগ্য হয়ে পড়েছে। বর্তমানে উক্ত স্থানে নতুন ১টি ব্রীজ নির্মাণ করার জন্য এলজিইডি, মৌলভীবাজার হতে দরপত্র আহবান করা হয়েছে। বিধায় পুরাতন ব্রীজটি নিলাম করা প্রয়োজন। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক) ২৭/০৯/২০২৩ তারিখের সভার মাধ্যমে এডিপি সকল কার্যক্রম দ্রুততার সহিত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। খ) বিজিবি অফিস রাস্তায় আরসিসি গার্ডার ব্রীজটি নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী ও সকল ইউপি চেয়ারম্যান বৃন্দ |
| ০৭ | শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভা:প্রা) বলেন, শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, একটি নতুন উদ্যোগ করা হয়েছে। উপজেলা পরিষদের অভ্যন্তরে যতজন কর্মকর্তা রয়েছেন তাদেরকে প্রত্যেক প্রাইমারী স্কুলে ভাগ করে দেয়া হবে। কর্মকর্তাগণ প্রত্যেকটি স্কুলে গিয়ে দেখবেন রিপোর্ট দিবেন স্কুলে কতজন ছাত্র/ছাত্রী উপস্থিতির হার, শিক্ষকগণ সঠিক সময়ে স্কুলে উপস্থিত হচ্ছেন কিনা। প্রত্যেক সোমবার তার ফলাফল জানাবেন। | প্রত্যেক কর্মকর্তাবৃন্দ | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, শীতকালীন খেলা অনুষ্ঠিত হয়েছে। উক্ত খেলা পরিচালনা করতে বরাদ্দের চেয়ে বেশি টাকা খরচ হয়েছে। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের শিক্ষা খাত হতে ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৯ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তার বলেন, বয়স্ক, বিধবা, স্বামী নিগৃহিতা ভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা অনলাইনে আবেদন তারিখ ১০ আগস্ট হতে ১০ সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত ছিল নির্ধারিত সময়ে মধ্যে উপকারভোগীদেরকে আবেদন পাওয়া গেছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। বয়স্ক, বিধবা, স্বামী নিগৃহিতা ভাতা ও অস্বচ্ছল প্রতিবন্ধীভাতা অনলাইনে সঠিকভাবে সেবা প্রদান করা হচ্ছে কি না সকল ইউপি চেয়ারম্যানকে এবিষয়ে সার্বিক সহযোগিতা করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) ইউপি। |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে জানা যায়নি। আগামী সভায় তথ্য সহকারে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অনুপস্থিত থাকায় সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ১১ | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ট্রেনিং সংক্রান্ত কার্যক্রম মনিটরিং কার্যক্রম সক্রিয় রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১২ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৩ | সমবায় বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | - | উপজেলা সমবায় কর্মকর্তা,শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, আগষ্ট/২০২৩ মাসের আত্মকর্মসংস্থান কর্মসূচি চলমান আদায়যোগ্য ১৪২৩৭৫/- টাকা, আদায়কৃত ১৩৪৮৭৫/- টাকা চলমান আদায়ের হার ৯৪.৭৩% ক্রমপুঞ্জিতে আদায়ের হার ৯৫.৪৭%। কিস্তি খেলাপী আদায় ১৬৫০/-ঋণ খেলাপী আদায় নাই। চলতি মাসে ঋণ বিতরণ ২৯০০০০/-টাকা। পরিবার ভিত্তিক কর্মসূচির আওতায় আদায়যোগ্য ৩৮৪০০/- টাকা, আদায়কৃত ৩৮৪০০/- টাকা। চলতি মাসে ঋণ বিতরণ নাই। প্রশিক্ষণ জোরদারকরণ কর্মসূচির ক্রমপুঞ্জিত আদায়ের হার ৮০.৯০%। চলতি মাসে বিতরণ নাই। ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব খাতের ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০জন। বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ শুরু হবে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল ও চেয়ারম্যান সকল ইউপি, শ্রীমঙ্গল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শ্রীমঙ্গল। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় উপ-সহ প্রকৌশলী জনস্বাস্থ্য বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপ-সহঃপ্রকৌঃ (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| ১৭ | বন বিভাগ | সভায় বন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৮ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় মন্ত্রণালয়ের সর্বশেষ নির্দেশনা মোতাবেক সেপ্টেম্বর ও অক্টোবর মাসের (২ মাসের) চাল একসাথে উত্তোলন ও বিতরণ ১৬/০৮/২৩ হতে ২২/০৮/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে ভোক্তাদের মধ্যে বিতরণ করা হয়েছে। (৩) টিসিবি ডিলারদের মাধ্যমে ওএমএস চাল টিসিবি কার্ডধারীগণকে ৫ কেজি করে ৩০ টাকা ধরে ওএমএস এর চাল বিতরণ কার্যক্রম চলমান আছে। এছাড়া খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের সকল প্রকার বরাদ্দ সংক্রান্ত কাগজপত্র ইউনিয়ন পরিষদ কার্যালয়ের মেইলে পত্র আকারের প্রেরণ করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) | উপজেলা ডেভেলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জনান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | ইউডিএফ (জাইকা) |
| ২০ | পল্লী বিদ্যুৎ সংক্রান্ত | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি, মৌলভীবাজার এর প্রতিনিধি বলেন, আসছে ২০ অক্টোবর ২০২৩ তারিখ হতে শারদীয় দুর্গোৎসব। শারদীয় দুর্গোৎসব উপলক্ষ্যে প্রত্যেক পূজামণ্ডবে লাইটিং করা হয়। লাইটিং এর পরিমাণ কিছুটা কম রাখার জন্য।<br><br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, আসছে অক্টোবরের ২০ তারিখ হতে সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গাপূজা শুরু হবে। সারাদেশেই বিদ্যুতের লোডশেডিং অব্যাহত আছে। তিনি বলেন, শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে কোন স্থানে কখন বিদ্যুৎ সববরাহ বন্ধ থাকবে তার একটি সিডিউল প্রস্তুত করার জন্য। প্রত্যেকটি পূজামণ্ডপে লোডশেডিং এর সময়সূচি জানা থাকলে পূজা কমিটি বিদ্যুতের বিকল্প ব্যবস্থা নিতে পারবে। এছাড়া চা বাগানগুলোতে প্রচুর লোডশেডিং হয় তিনি বাগান কর্তৃপক্ষকে নিয়ে একটি সভার আয়োজন করার জন্য অনুরোধ করেন। | শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে চা বাগান কর্তৃপক্ষ ও পল্লী বিদ্যুৎ বিভাগের কর্মকর্তার সমন্বয়ে একটি সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। | জেনারেল ম্যানেজার মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২১ | বিবিধ ০১ | **উপজেলা পরিষদের জীপগাড়ী মেরামত সংক্রান্তঃ** সভায় জানানো হয় যে, উপজেলা পরিষদের পাজারো জীপগাড়ী মৌলভীবাজার ঘ-১১০০৮৬ মেরামত করণের জন্য ২,৪০,৩১৬/-টাকার চাহিদা প্রস্তুত করে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা-১ শাখায় ২৭/০৮/২০২৩ তারিখে ২৬নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৪৬.০০. ০০০০. ০৪৬.২৬.০৪৭-২০.৫৪০নং স্মারকে শ্রীমঙ্গল উপজেলা পরিষদের জীপগাড়ির যন্ত্রাংশ এ সংক্রান্ত বিধি বিধান/নির্দেশনা ও পিপি আর, ২০০৮ যথাযথভাবে অনুসরণ করে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- ক্রয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। জীপগাড়ীর বর্তমান অবস্থা খুবই খারাপ। জরুরী ভিত্তিতে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক গাড়ী মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান এম.এস.মটরস, শ্রীমঙ্গলকে কার্যাদেশ প্রদান করা যেতে পারে। | উপজেলা পরিষদের জীপ গাড়ির যন্ত্রাংশ মেরামত করণের জন্য বিধি বিধান/ নির্দেশনা ও পিপি আর, ২০০৮ যথাযথভাবে অনুসরণ করে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঠিকাদারী প্রতিষ্ঠান এমএস.মটরসকে কার্যাদেশ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ২২ | বিবিধ ০২ | **সংরক্ষিত মহিলা সদস্য নির্ধারণ সংক্রান্তঃ** সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানানো হয় যে, উপজেলা পরিষদের কোরাম গঠনের লক্ষ্যে ০৩টি সংরক্ষিত মহিলা সদস্য এখনো নির্বাচন করা হয়নি। সংরক্ষিত পদ তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদের কোরাম গঠনের লক্ষ্যে ০৩টি সংরক্ষিত মহিলা সদস্য পদ নির্বাচনের ভিত্তিতে অথবা পরিষদের সদস্যদের মৌখিক ভোটের মাধ্যমে নির্বাচন করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | ভাইস/মহিলা ভাইস ও উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | বিবিধ ০৩ | সভায় জানানো হয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ১১ সেপ্টেম্বর ২০২৩ খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.১২(অংশ-৩) ৫০২নং স্মারকে "জাতীয় স্থানীয় সরকার দিবস" উদযাপনের অনুষ্ঠান আয়োজনের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে সর্বোচ্চ ২৫০০০/- টাকা ব্যয়ের নির্দেশনা পাওয়া গেছে। উক্ত নির্দেশনার আলোকে জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে উন্নয়ন মেলার স্টল, র‍্যালী ও আপ্যায়ন বাবদ ২৫০০০/- টাকা ব্যয়িত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রদান করা যেতে পারে। | জাতীয় স্থানীয় সরকার দিবস উদ্‌যাপনের ২৫০০০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ২৪ | বিবিধ: ০৪ | উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের ব্যক্তি অনুদান প্রদানের জন্য পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এঁর সুপারিশের ভিত্তিতে ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়েছে। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যক্তি ও সংগঠনের অনুকূলে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

| ক্র.নং | আর্থিক অনুদান প্রদানকারীর প্রতিষ্ঠান/ব্যক্তির নাম | অনুদান প্রদানের কারণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ০১ | জনাব রীতা গৌড়, স্বামী: প্রেম লাল গৌড়, ধানসিড়ি আ/এ, শ্রীমঙ্গল | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৫০০০/- |
| ০২ | জনাব বিজলী ভাসকর, কলেজ রোড, সুইপার কলোনী, শ্রীমঙ্গল। | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৫০০০/- |
| ০৩ | জনাব বেলা রানী রায়, স্বামী: মৃত সুধাংশু রায়, সিন্দুরখান, শ্রীমঙ্গল | চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান | ৫০০০/- |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.৪০

তারিখ: ০৮/১০/২০২৩

বিতরণ: কার্যার্থে।

১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা......................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান......................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম......................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।
০৭।......................................।

০৮/১০/২৩

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, অক্টোবর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১২ অক্টোবর ২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক"-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত পর্যালোচনা | বিগত সভার গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি পর্যালোচনা: সেপ্টেম্বর/২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার মাসিক সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:<br>সভার তারিখ: ২৭/০৯/২৩; গৃহিত সিদ্ধান্তের সংখ্যা: ১৩; গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা: ১৩; গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার: ১০০% | সেপ্টেম্বর/২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার মাসিক সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তগুলো বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। শ্রীমঙ্গল উপজেলায় অবৈধ ও লাইসেন্সবিহীন ডায়গনষ্টিক সেন্টারগুলোতে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে এছাড়া হাসপাতালে ছোটখাট চুরি সংঘটিত হয়েছে। অনেক সময় ভর্তিকৃত রোগীদের মূল্যবান জিনিস পত্র চোরেরা নিয়ে যায়। এছাড়া হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>২। সভায় চেয়ারম্যান, মির্জাপুর ইউপি বলেন, মির্জাপুর ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে ডাক্তার দেয়া হয়েছে কিন্তু ডাক্তার না যাওয়ার ফলে রোগীরা কাঙ্খিত সেবা থেকে বঞ্চিত হচ্ছে। | ১। অবৈধভাবে স্থাপিত ডায়গনষ্টিক সেন্টার ছাড়াও স্বাস্থ্যসেবায় নিয়োজিত প্রতিষ্ঠানগুলোকে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা এবং চুরির ঘটনা যেন আর না ঘটে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য অফিসার ইনচার্জ, শ্রীমঙ্গল থানাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। মির্জাপুর ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে ডাক্তার যেন নিয়মিত বসেন যে বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য: প:প: কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩ | কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, ধানের বীজ পাওয়া যায়নি। নভেম্বর মাসে ধানের বীজ আসলে বিভাজন হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে।<br>সভায় চেয়ারম্যান, সিন্দুরখান ইউপি বলেন, সিন্দুরখান ইউনিয়নে কৃষকের সংখ্যা বেশি বিধায় সারের বরাদ্দ আরো বেশি হওয়া প্রয়োজন। সিন্দুরখান ইউনিয়নের অনুকূলে সারের বরাদ্দ বাড়ানোর জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করেন।<br>সভায় চেয়ারম্যান, কালাপুর ইউপি বলেন, অনেক ডিলারের সার রাখার পর্যাপ্ত জায়গা আছে কিনা তা যাচাই করা প্রয়োজন।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, সিন্দুরখান ইউনিয়নের বনগাঁও গ্রামের একজন কৃষকের শসা ক্ষেত কে বা কারা কেটে নষ্ট করে ফেলেছে ফলে এই কৃষকের প্রায় ৭০-৮০ হাজার টাকার ক্ষতি সাধিত হয়েছে। বর্তমানে এই কৃষক খুবই অসহায়, তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে এই কৃষককে আর্থিক সহায়তা প্রদানের প্রস্তাব করেন। | সিন্দুরখান ইউনিয়নের বনগাঁও গ্রামের ক্ষতিগ্রস্থ কৃষককে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৩০০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি কর্মকর্তা, চেয়ারম্যান সিন্দুরখান ইউপি |
| ০৪ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, শ্রীমঙ্গল উপজেলার ০৯টি ইউনিয়নে পিপিআর রোগ নির্মুল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের ৯০টি ওয়ার্ডে মোট | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো | প্রাণি সম্পদ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২৯৬০০টি ছাগল ও ভেড়াকে পিপিআর টিকা প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভা চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনমান উন্নয়নে গরু পালনের জন্য যে গরুগুলো সুবিধাভোগীদের দেয়া হয়েছে গরুগুলো দুর্বল প্রকৃতির ছিল। ভবিষ্যতে এইসব ক্ষেত্রে আরো বেশি ভাল মানের গরু প্রদানের জন্য তিনি পরামর্শ প্রদান করেন। | হয়। | |
| ০৫ | মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, বর্তমানে নির্দিষ্ট সময়ের জন্য ইলিশ মাছ ধরা নিষিদ্ধ করা হয়েছে এবং বাজারে কোন ধরনের ইলিশ পাওয়া যাচ্ছে না। তাছাড়া উপজেলা মৎস্য দপ্তরের নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে পরামর্শ প্রদান, প্রশিক্ষণ প্রদান এবং মৎস্য সম্পদ সংরক্ষণের জন্য অভিযান পরিচালনা করা হচ্ছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, ব্র্যাক একটি স্বনামধন্য প্রতিষ্ঠান কিন্তু তাদের মাছের পোনার মান নিয়ে প্রশ্ন আছে। মাছ চাষীরা যেন মাছের পোনা ক্রয় করে ক্ষতির সম্মুখীন না হয় সেদিক লক্ষ্য রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানান। | নিয়মিতভাবে অভিযান পরিচালনা করার পাশাপাশি মাছের পোনা বিক্রয়কারী প্রতিষ্ঠানের পোনার মান যাচাই করণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ক) ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা রাজস্ব উন্নয়ন/উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা ও প্রকল্প কমিটি পাওয়া গেছে। উক্ত প্রকল্পগুলো পিআইসি/কোটেশন/টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রকল্প দাখিল করা হয়েছে (পরিশিষ্ট-খ)।<br>খ) বিজিবি অফিস রাস্তায় আরসিসি গার্ডার ব্রীজটি নিলামের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া উপজেলা পরিষদের ঠিকাদার তালিকাভুক্তির নবায়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে।<br>গ) নতুন ০২টি লাইসেন্স এর তালিকা পাওয়া গেছে এছাড়া ৩৪টি পুরাতন লাইসেন্স এর নবায়ন করা হয়েছে। গ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) কর্তৃক গৃহিত প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>ঘ) উপজেলা প্রকৌশলী আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন ও গেজেটেড কোয়ার্টার (চম্পা ভবন) অতি পুরাতন ও ছাদের ও দেয়ালের বিভিন্ন জায়গায় ভেঙ্গে যাওয়ায় উক্ত ভবনদ্বয় বসবাসের অনুপযোগী হওয়ায় উহা কনডেম ঘোষণা করা প্রয়োজন।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলা পরিষদের ঠিকাদার তালিকা ভুক্তির জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে ২০২৩-২৪ অর্থবছরের জন্য লাইসেন্স নবায়ন এর বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। কিন্তু অনেক ঠিকাদারী প্রতিষ্ঠান লাইসেন্স নবায়ন করতে পারেননি। তিনি লাইসেন্স নবায়ন কার্যক্রমের সময়সীমা বর্ধিতকরণের অনুরোধ জানান। এছাড়া যে ব্যক্তি/প্রতিষ্ঠান নির্দিষ্ট সময়ের ভিতরে লাইসেন্স নবায়ন করতে পারেননি তাদেরকে লাইসেন্স ফি'র ২৫% জরিমানা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদানের প্রস্তাব করেন। | ক) উপজেলা প্রকৌশলী উপস্থাপিত প্রকল্পগুলো (পরিশিষ্ট-খ সংযোজনী) সরেজমিনে যাচাইঅন্তে প্রাক্কলন প্রস্তুত করত: বিধিমতে পিআইসি/ কোটেশন/টেন্ডারের মাধ্যমে দ্রুত কাজ বাস্তবায়ন করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) সভায় বিস্তারিত আলোচনান্তে ০২ (দুই) জন ঠিকাদারকে শ্রীমঙ্গল উপজেলা পরিষদের আওতাভুক্ত করণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত ভবনদ্বয় কনডেম ঘোষণা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঘ) উপজেলা পরিষদের ঠিকাদার তালিকা ভুক্তির লাইসেন্স নবায়ন এর সময় সময়সীমা ১৩/১১/২৩ পর্যন্ত বর্ধিতকরণ এবং জরিমানা বাবদ ২৫% উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী ও সকল ইউপি চেয়ারম্যান বৃন্দ |
| ০৭ | শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভা:প্রা) বলেন, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সিলেট বিভাগের শ্রীমঙ্গল উপজেলার প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়ার মানকে সমৃদ্ধশালী করার জন্য শ্রেষ্ঠ উপজেলা নিবাহী অফিসার নির্বাচিত হয়েছেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে ধন্যবাদ জানান। প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠানে রিডিং হসপিটাল কার্যক্রম চলমান আছে। এই কার্যক্রমটি চালুর ফলে ছোট ছোট কোমলমতি শিক্ষার্থীরা পড়ালেখায় মনোযোগি হচ্ছে। এছাড়া শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | শ্রীমঙ্গল উপজেলার প্রত্যেকটি প্রাথমিক বিদ্যালয়ে রিডিং হসপিটাল কার্যক্রম চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, PBGSI স্কীমের আওতায় বিগত ২০২২-২৩ অর্থবছরে মাধ্যমিক পর্যায়ের ১০টি শিক্ষা প্রতিষ্ঠান ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা করে অনুদান পেয়েছে। ২০২৩-২৪অর্থ বছরে আরো ৭টি শিক্ষা প্রতিষ্ঠান ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা করে অনুদান পেয়েছে। উক্ত অনুদানের টাকা থেকে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের ১৫জন করে সুবিধাবঞ্চিত শিক্ষার্থীকে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। ২০২৪ শিক্ষাবর্ষের নতুন বই এই মাসের মধ্যে আসা শুরু হবে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে খেলাধুলার | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ব্যয় বাবদ ৫০,০০০/- টাকার অনুদানের চেক পাওয়া গেছে। তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নি র্বাহী অফিসার মহোদয়গণকে ধন্যবাদ জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৯ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তার বলেন, জাতীয় সমাজকল্যাণ পরিষদ থেকে সমাজসেবা অধিদপ্তর থেকে বঞ্চিত স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থা সমূহকে অনুদান প্রদান করা হবে। নিবন্ধিত ও স্বেচ্ছাসেবী সমাজকল্যাণমূলক সংস্থা সমূহ নির্ধারিত ফরমে আগামী ৩০ অক্টোবর এর মধ্যে আবেদন করতে হবে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ মূলক সংস্থা সমূহকে ৩০ অক্টোবর/ ২০২৩ এর মধ্যে আবেদন করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল) ইউপি। |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনুপস্থিত থাকায় পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে জানা যায়নি। আগামী সভায় তথ্য সহকারে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অনুপস্থিত থাকায় সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ১১ | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, মা ও শিশু কর্মসূচিতে প্রতি মাসে ১-২০ তারিখের মধ্যে ৬জন গর্ভবতী মা এমআইএস-এ অন্তর্ভূক্তি করতে হবে। অতিরিক্ত উপকারভোগী এনিট্র দেওয়ার দরকার নেই। কারণ অতিরিক্ত নাম পরবর্তী মাসে আর অন্তর্ভুক্তি হবে না বা বাতিল হয়ে যাবে। অক্টোবর মাসে ভিডব্লিউ খাদ্য বরাদ্দ পূজার আগে বিতরণ করার জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অতিরিক্ত উপকারভোগী যাতে না দেয়া হয় সেদিকে ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | **সকল ইউপি চেয়ারম্যান ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা** |
| ১২ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, আগামী মাসিক সভায় দাপ্তরিক সকল কার্যক্রম সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৩ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, আগামী মাসিক সভায় দাপ্তরিক সকল কার্যক্রম সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। | উপজেলা সমবায় বিভাগের সকল কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানান। | উপজেলা সমবায় কর্মকর্তা,শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত মাসে আত্মকর্মসংস্থান কর্মসূচি চলমান আদায়যোগ্য ১৪২৩৭৫/- টাকা, আদায়কৃত ১৩৪৮৭৫/- টাকা চলমান আদায়ের হার ৯৪.৭৩% ক্রমপুঞ্জিতে আদায়ের হার ৯৫.৪৭%। কিস্তি খেলাপী আদায় ১৬৫০/-ঋণ খেলাপী আদায় নাই। চলতি মাসে ঋণ বিতরণ ২৯০০০০/-টাকা। পরিবার ভিত্তিক কর্মসূচির আওতায় আদায়যোগ্য ৩৮৪০০/- টাকা, আদায়কৃত ৩৮৪০০/- টাকা। চলতি মাসে ঋণ বিতরণ নাই। প্রশিক্ষণ জোরদারকরণ কর্মসূচির ক্রমপুঞ্জিত আদায়ের হার ৮০.৯০%। চলতি মাসে বিতরণ নাই। ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব খাতের ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০জন। বাজেট প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ শুরু হবে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল ও চেয়ারম্যান সকল ইউপি, শ্রীমঙ্গল। |
| ১৫ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শ্রীমঙ্গল। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় উপ-সহ প্রকৌশলী জনস্বাস্থ্য বলেন, মাজদিহি আশ্রয়ণ প্রকল্পে পানি সরবরাহ ব্যবস্থা সম্পন্নরুপে করে দেয়া হয়েছে। সমাপ্তকৃত পানির উৎসগুলো হস্তান্তর করা হয়েছে এবং পরবর্তীতে মটর চুরি/গায়েব হলে গেলে ঠিকাদারী প্রতিষ্ঠান আর কোন ধরনের পাম্প সরবরাহ করবেন না। ডলুছড়া, জাম্বুরাছড়া, টিকরিয়া এবং খলিলপুরে আশ্রয়ণ প্রকল্পের নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। বিদ্যুৎ সংযোগ পাওয়ার পর সাবমার্সিবল পাম্প সরবরাহ করা হবে। তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | বিদ্যুৎ সংযোগ দ্রুত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ-সহপ্রকৌ: (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল ও জেনারেল ম্যানেজার মৌ:পল্লী বিদ্যুৎ সমিতি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | বন বিভাগ | সভায় বন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | উপজেলা রেঞ্জ বন কর্মকর্তা পরপর ২টি মাসিক সভায় উপস্থিত না থাকায় বন বিভাগের কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলো হলো। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৮ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) | উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য শ্রীমঙ্গল উপজেলা পরিষদের অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনা পিএমইউ-তে দাখিল করা হয়েছিলো এবং প্রকল্প পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। এখন এলজিইডি বিভাগ কর্তৃক টেন্ডার পরবর্তী কার্যক্রম চলমান আছে এবং টেন্ডার পরবর্তী কার্যক্রম-এর পর বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হবে। | এলজিইডি বিভাগ কর্তৃক টেন্ডার পরবর্তী কার্যক্রম ও বাস্তবায়ন প্রক্রিয়া শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ (জাইকা) |
| ২০ | পল্লী বিদ্যুৎ সংক্রান্ত | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি, মৌলভীবাজার এর প্রতিনিধি বলেন, ডিস ও ইন্টারনেট ব্যবসায়ীদের সংযোগ লাইনগুলো পল্লী বিদ্যুতের খুঁটির উপর স্থাপন করায় পল্লী বিদ্যুতের লাইনে কর্তব্যরত কর্মচারীগণ খুবই অসুবিধা সম্মুখীন হচ্ছেন। শ্রীমঙ্গল শহরের লন্ডন রেষ্টুরেন্ট এর সামনে বিদ্যুৎ লাইনে অগ্নিসংযোগ ঘটিত হয়। ডিস ও ইন্টারনেট লাইনের কারণে বিদ্যুৎ লাইনে কমরত লাইনম্যানগণ সঠিক সময়ে কাজ করতে পারেনি। তিনি ডিস ও ইন্টারনেট ব্যবসায়ীদের নিয়ে একটি আলোচনা সভা করার অনুরোধ জানান।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, আসছে অক্টোবরের ২০ তারিখ হতে সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় উৎসব শারদীয় দুর্গাপূজা শুরু হবে। তিনি বলেন, শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে কোন স্থানে কখন বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে তার একটি সিডিউল প্রস্তুত করার জন্য। প্রত্যেকটি পূজামণ্ডপে লোডশেডিং এর সময়সূচি জানা থাকলে পূজা কমিটি বিদ্যুতের বিকল্প ব্যবস্থা নিতে পারবে। | শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে চা বাগান কর্তৃপক্ষ ও পল্লী বিদ্যুৎ বিভাগের কর্মকর্তার সমন্বয়ে একটি সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। | জেনারেল ম্যানেজার মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি |

সভায় সভাপতি বলেন, উপজেলা পরিষদের অনেক দপ্তর আছেন যারা তাদের দাপ্তরিক কাজ সম্পর্কে সভায় তেমন কিছু অবগত করেননা। এছাড়া শারদীয় দুর্গোৎসব যাতে সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পাদিত হয় সেদিকে সকলকে সার্বিক সহযোগিতা করার অনুরোধ জানান। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩. ৫৫

তারিখ: ১৩/১১/২০২৩

বিতরণ: কার্যার্থে।

১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা........................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান........................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম..................................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

১৩/১১/২৩

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১৬ নভেম্বর ২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট ''ক''-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত পর্যালোচনা | বিগত সভার গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি পর্যালোচনা: অক্টোবর/২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার মাসিক সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিম্নরূপ:<br>সভার তারিখ: ১২/১০/২৩; গৃহিত সিদ্ধান্তের সংখ্যা: ১৩; গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা: ১৩; গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার: ১০০% | অক্টোবর/২৩ মাসে শ্রীমঙ্গল উপজেলার মাসিক সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তগুলো বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, হাসপাতালে কর্মরত ডাক্তারগণ ট্রেনিং ও মেডিকেল ছুটিতে থাকার কারণে মির্জাপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার পদায়ণ সম্ভব হচ্ছে না। ট্রেনিং ও মেডিকেল ছুটি থেকে আসার পর মির্জাপুর উপ-স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার পদায়ণ করা হবে। | ১। ট্রেনিং ও মেডিকেল ছুটি থেকে আসার পর ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার পদায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৩ | কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, ২০২৩-২৪ অর্থবছরের আমন ধানের বাম্পার ফলন হয়েছে। বিভিন্ন ইউনিয়নের কৃষকগণ ক্ষেতে দন্ডায়মান থাকা ধান কাটছেন। বোরো মৌসুমে ব্লাষ্টরোগ রোধে আগাম সতর্কতা হিসেবে বিভিন্ন ব্লক/ওয়ার্ড এ সচেতনতামূলক সভা/উদ্বুদ্ধকরণ সভা, লিফলেট বিতরণ ইত্যাদি কার্যক্রম কৃষি বিভাগ গ্রহণ করেছে।<br>এছাড়া চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের নির্দেশনা অনুযায়ী লাহারপুর (সিন্দুরখান ইউনিয়ন) গ্রাম পরিদর্শন করা হয়েছে। এই গ্রামে পূর্ব থেকেই পানির পাম্প বিদ্যমান আছে। ৫০০ফুট ৮ ইঞ্চি পাইপ দিলে প্রায় ২০০ বিঘা জমি চাষের আওতায় আনা যাবে মর্মে সভায় অবহিত করেন। তিনি আরো বলেন, প্রতি ইউনিয়নে ডিলার নিয়োগ করা হয়েছে। সারগুলো বিক্রির জন্য ডিলারের দোকানে মূল্য তালিকা টাঙ্গানো আছে কি না বিষয়টি তদারকি করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানান।<br>সভায় চেয়ারম্যান, কালাপুর ইউপি বলেন, ২নং ওয়ার্ডে সারের ডিলার ও একজন উপ-সহকারী কৃষি কর্মকর্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। | ক) কৃষকদের অনুকুলে সারের বন্টন যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি কর্মকর্তা, চেয়ারম্যান সিন্দুরখান ইউপি |
| ০৪ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, শ্রীমঙ্গল উপজেলার ০৯টি ইউনিয়নে পিপিআর রোগ নির্মুল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের ৯০টি ওয়ার্ডে মোট ২৯৬০০টি ছাগল ও ভেজাকে পিপিআর টিকা প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মনিটরিং জোরদারকরণ করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রাণি সম্পদ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, হাইল হাওরে মাছ চুরির প্রবনতা বৃদ্ধি পাচ্ছে। তাছাড়া উপজেলা মৎস্য দপ্তরের নিয়মিত কার্যক্রম পরামর্শ প্রদান, প্রশিক্ষণ প্রদান এবং মৎস্য সম্পদ সংরক্ষণের জন্য অভিযান পরিচালনা করা হচ্ছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে অভিযান পরিচালনা করণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, ক) ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা রাজস্ব উন্নয়ন/উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্প তালিকা অনুযায়ী পিআইসি ও কোটেশন কার্যক্রম চলছে। দ্রুতই টেন্ডার কার্যক্রম সম্পন্ন হবে। | ক) উপজেলা প্রকৌশলী বিধিমতে টেন্ডার কাজ দ্রুততার সহিত বাস্তবায়ন করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৭ | শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভা:প্রা) বলেন, নভেম্বরের ২১-২৯ তারিখের ভিতরে পরীক্ষা শেষ হবে। এছাড়া ১৩৮টি প্রাথমিক বিদ্যালয়ে রাইডিং কার্যক্রম চলছে। বিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এছাড়া শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, ১৩৮টি স্কুলে পত্র প্রেরণ করা হয়েছে। স্কুলে গিয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে তদারকি করার জন্য অনুরোধ জানান এবং যে সকল প্রাথমিক স্কুলের ভবনগুলো জরাজীর্ণ এক সাথে স্কুলের ভবন নিলামের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | শ্রীমঙ্গল উপজেলার প্রত্যেকটি প্রাথমিক বিদ্যালয়ে রিডিং হসপিটাল কার্যক্রম সফল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত থাকায়, মাধ্যমিক শিক্ষা বিভাগ সম্পর্কে জানা যায়নি। আগামী সভায় তথ্য সহকারে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অনুপস্থিত থাকায় সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়নি। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৯ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তার বলেন, এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অনুপস্থিত থাকায় সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ১১ | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি জানান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | - | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা** |
| ১২ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, আগামী মাসিক সভায় দাপ্তরিক সকল কার্যক্রম সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৩ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, অত্র উপজেলায় নভেম্বর/২৩ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৫২টি। সরকারী রাজস্ব আদায় নিয়মিতভাবে হচ্ছে। ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন করা হচ্ছে। সমবায় সমিতির অডিট সম্পাদন সমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, আগামী মাসিক সভায় দাপ্তরিক সকল কার্যক্রম সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন। | উপজেলা সমবায় বিভাগের রাজস্ব আদায় ও সমিতির অডিট কার্যক্রম জোরদারকরণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা,শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৫ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায়, তার বিভাগ সম্পর্কে জানা যায়নি। আগামী সভায় তথ্য সহকারে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অনুপস্থিত থাকায় সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়নি। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শ্রীমঙ্গল। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় উপ-সহ প্রকৌশলী জনস্বাস্থ্য বলেন, ডলুছড়া, জাম্বুরাছড়া, টিকরিয়া এবং খলিলপুরে আশ্রয়ণ প্রকল্পের নলকূপ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। বিদ্যুৎ সংযোগ পাওয়ার পর সাবমার্সিবল পাম্প সরবরাহ করা হবে। তার | বিদ্যুৎ সংযোগ দ্রুত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জেনারেল ম্যানেজার, | উপ-সহ:প্রকৌ: (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিভাগের সকল কার্যক্রম স্বভাবিকভাবে চলছে। | মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ১৭ | বন বিভাগ | সভায় বন কর্মকর্তা বলেন, তিনি শ্রীমঙ্গল উপজেলা রেঞ্জ বন কর্মকর্তা হিসেবে নতুন যোগদান করেছেন। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলছে।<br>সহকারী কমিশনার ভূমি বলেন, হাইওয়ে রাস্তার পাশে অনেক স'মিলের বড় বড় গাছ রয়েছে। সেগুলো রাস্তার পাশে না রেখে স'মিলের রাখার অনুরোধ জানান।<br>রেঞ্জ কর্মকর্তা বলেন, করাতকল থেকে কাঠ সরিয়ে নিতে বলা হয়েছে, ০৯টি করাত কল মামলা চলমান থাকায় সমস্যা হচ্ছে। অবৈধ করাতকল এর তালিকা সংগ্রহ করে বিদ্যুৎ বিভাগকে দেয়া হবে। | করাতকলগুলো কাঠ বাইরে না রাখে সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য রেঞ্জ বন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৮ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, আমন ধান ও চাল সংগ্রহ চলতি মাসের ২৩ তারিখ থেকে শুরু হবে। কৃষকের অ্যাপস এ সকল কৃষকের আবেদন সম্পন্ন করে ধান বিক্রি করতে পারবেন।বিষয়টি সকল ইউনিয়নে মাইকিং ও লিফলেট বিতরণ করার মাধ্যমে সকলকে অবহিত করা হয়েছে। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩০/- টাকা। চলতি আমন মৌসুমে সংগ্রহ লক্ষ্যমাত্রা ৫৩৩ মে:টন ধান পাওয়া গেছে। এছাড়া নভেম্বর/২০২৩ মাসে খাদ্যবান্ধব কর্মসূচিতে (পুষ্টি চাল) বিতরণ করা হবে। প্রতিমাসের ন্যায় চলতি মাসেও টিসিবি ডিলারদের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে ওএমএস এর চাল বিতরণ চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) | উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জনান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য শ্রীমঙ্গল উপজেলা পরিষদের অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনা পিএমইউ-তে দাখিল করা হয়েছিলো এবং প্রকল্প পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। এখন এলজিইডি বিভাগ কর্তৃক টেন্ডার পরবর্তী কার্যক্রম চলমান আছে এবং টেন্ডার পরবর্তী কার্যক্রম-এর পর বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হবে। | এলজিইডি বিভাগ কর্তৃক টেন্ডার পরবর্তী কার্যক্রম ও বাস্তবায়ন প্রক্রিয়া শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ (জাইকা) |
| ২০ | পল্লী বিদ্যুৎ সংক্রান্ত | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি, মৌলভীবাজার এর প্রতিনিধি বলেন, ডিস ও ইন্টারনেট ব্যবসায়ীদের সংযোগ লাইনগুলো পল্লী বিদ্যুৎতের খুঁটির উপর স্থাপন করায় পল্লী বিদ্যুতের লাইনে কর্তব্যরত কর্মচারীগণ খুবই অসুবিধা সম্মুখীন হচ্ছেন। ডিস ও ইন্টারনেট লাইনের কারণে বিদ্যুৎ লাইনে কমরত লাইনম্যানগণ সঠিক সময়ে কাজ করতে পারেনি। তিনি ডিস ও ইন্টারনেট ব্যবসায়ীদের নিয়ে একটি আলোচনা সভা করার অনুরোধ জানান। | শারদীয় দুর্গাপূজা উপলক্ষ্যে চা বাগান কর্তৃপক্ষ ও পল্লী বিদ্যুৎ বিভাগের কর্মকর্তার সমন্বয়ে একটি সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। | জেনারেল ম্যানেজার মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২১ | বিবিধ ০১ | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, আনোয়ারা বেগম, স্বামী সাহাব উদ্দিন, জিলাদপুর, আশিদ্রোণ নামক স্থান হতে একটি আর্থিক সাহায্যের আবেদন পাওয়া গেছে। উক্ত আবেদনের প্রেক্ষিতে ঐ এলাকার স্থানীয় ইউপি সদস্য জনাব মো: আব্দুল মতিন সাহেবের সাথে কথা বলে জানা গেছে আবেদনকারী মেয়ের বিয়ে জন্য সাহায্যের আবেদন করেছেন। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০০০/- টাকা প্রদানের প্রস্তাব পেশ করেন। | আনোয়ারা বেগম, স্বামী সাহাব উদ্দিন, জিলাদপুর, আশিদ্রোণকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৫০০০/- প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |

সভায় সভাপতি বলেন, উপজেলা পরিষদের অনেক দপ্তর আছেন যারা তাদের দাপ্তরিক কাজ সম্পর্কে সভায় তেমন কিছু অবগত করেননা। তিনি বলেন, শারদীয় দুর্গোৎসব সুষ্ঠ সুন্দরভাবে উদ্‌যাপিক হয়েছে। পূজা সুন্দরভাবে উদযাপিত হওয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.৫১

তারিখ: ১৩/১২/২০২৩

বিতরণ: কার্যার্থে।

১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।

২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

৩। উপজেলা.............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

৪। চেয়ারম্যান.............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

৫। বেগম.............................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।

০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

স্বাক্ষরিত/-

(আলী রাজিব মাহমুদ মিঠুন)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

শ্রীমঙ্গল, মৌলভীবাজার
sreemangal.moulvibazar.gov.bd

## পঞ্চম উপজেলা পরিষদ, ডিসেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভানু লাল রায়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভার তারিখ ঃ ১৮ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট ''ক''-এ প্রদর্শিত।

সভাপতি উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পরিষদের বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

অতঃপর সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র.নং | আলোচ্য | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কার্যপত্র প্রদান | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, প্রতি মাসের ৫ তারিখের মধ্যে কার্যপত্র অত্র কার্যালয়ে প্রদানের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। কার্যপত্রের ভিত্তিতে সভার আলোচনা করা হবে।<br>এছাড়া সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ রাখার জন্য অনুরোধ করেন। | সকল দপ্তরের ওয়েবপোর্টাল হালনাগাদ করণের সিদ্ধান্ত গৃহিত হয়। | সহ:প্রোগ্রামার, আইসিটি, শ্রীমঙ্গল |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি ডা: পার্থ সারথি সিংহ জানান, হাসপাতালের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, বর্তমানে শীতে তাপমাত্রা প্রচন্ড পরিমাণে বৃদ্ধি পেয়েছে, শীতে বৃদ্ধ ও শিশুদের ঠান্ডাজনিত সমস্যা দেখা দিচ্ছে। এছাড়া তিনি আরো বলেন, শ্রীমঙ্গল উপজেলায় অনেক প্রতিবন্ধী রয়েছে, কিন্তু দেখা যাচ্ছে যে, যারা প্রতিবন্ধী নয় তাদেরকেও ইউনিয়ন পরিষদের অনেক ইউপি সদস্য প্রতিবন্ধী হিসেবে সুপারিশ করে থাকেন। ইউপি সদস্যদের সুপারিশের প্রেক্ষিতে কি প্রতিবন্ধী সার্টিফিকেট দেয়া যাবে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, হাসপাতালে একটি রোগী কল্যাণ সমিতি আছে এই সমিতি মাধ্যমে একটি সাহায্যে আবেদন করলে চিকিৎসা বাবদ হাসপাতাল কর্তৃপক্ষের সম্মতিক্রমে কোন একটি ফার্মেসী থেকে ঔষধ ক্রয় বাবদ সেবা পাবে। | ১। সঠিক প্রতিবন্ধী কি না তা সমাজসেবা কর্মকর্তার মাধ্যমে সঠিকতা যাচাইক্রমে হাসপাতালে প্রতিবন্ধী প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সকল ইউপি চেয়ারম্যান |
| ০৩ | কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, ২০২৩-২৪ অর্থবছরে শ্রীমঙ্গল উপজেলায় হাইব্রীড ধানের লক্ষ্যমাত্রা ৮২০ হে: এবং উফশী ধানের ১০৮৫৫ হে: মোট ১১৬৬৫ হেক্টর এলাকা বোরো ধানের লক্ষ্যমাত্রা ৫ ডিসেম্বর ২০২৩ তারিখে উফশী বোরো ধানের উদ্বোধন করা হয়। ৩৩০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে ৫ কেজি বোরো ধান এবং ১০ কেজি ডিএপি এবং ১০ কেজি এমওপি সার প্রত্যেককে বিতরণ করা হয়।<br>ফ্লাড রিকনস্ট্রাকশন ও ইমার্জেন্সী প্রজেক্টের আওতায় শ্রীমঙ্গল উপজেলায় সোলার সিষ্টেম পাম্প ও বারিড পাইপ সিষ্টেমসহ ০৩টি সেচ সিষ্টেম বসানো হবে। উপজেলা কৃষি ও সেচ পুর্নবার্সন কমিটির মাধ্যমে উক্ত কাজটি বাস্তবায়ন করা হবে।<br>সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, প্রান্তিক পর্যায়ে কৃষকরা যেন সকল ধরনের সরকারি সুবিধা পেতে পারে সেদিকে উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। | ক) কৃষকদের অনুকুলে সারের বন্টন যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি কর্মকর্তা, চেয়ারম্যান সিন্দুরখান ইউপি |
| ০৪ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, এলডিডিপি প্রকল্পের আওতায় ডিসেম্বর ১৭তারিখ পর্যন্ত ০৮টি পিজি'র মোট ২৫০জন সদস্যকে দুগ্ধ উৎপাদন, গরু হৃষ্টপুষ্টকরণ, ছাগল পালন ও মুরগী পালন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আশ্রয়ণ প্রকল্পের সুফলভোগীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প পরিচালনা করে গবাদিপশু ও হাঁস মুরগীর চিকিৎসা ও টিকা প্রদান করা হয়। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মনিটরিং জোরদারকরণ করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রাণি সম্পদ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি বলেন, হাইল হাওরে মাছ চুরির প্রবনতা বৃদ্ধি পাচ্ছে। তাছাড়া উপজেলা মৎস্য দপ্তরের নিয়মিত কার্যক্রম পরামর্শ প্রদান, প্রশিক্ষণ প্রদান এবং মৎস্য সম্পদ সংরক্ষণের জন্য অভিযান পরিচালনা করা হচ্ছে। এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে অভিযান পরিচালনা করণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী বলেন, উত্তরসুর কুল চন্দ্র সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০টি গাছ রয়েছে। গাছগুলো নিলামে বিক্রয়ের জন্য নিলাম মূল্য ১.০০ লক্ষ টাকা। কিন্তু নিলামধারীদের সর্বোচ্চ মূল্য ছিল ৫০ হাজার টাকা। তিনি গাছগুলো বিক্রয়ের জন্য সহযোগিতা কামনা করেন।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, গাছ বিক্রয়ের জন্য বিধিবিধান অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।<br>ক) ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা রাজস্ব /উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্প তালিকা অনুযায়ী পিআইসি ও কোটেশন কার্যক্রম নির্বাচন সংক্রান্ত কারণে সাময়িকভাবে বন্ধ আছে। নির্বাচন কার্যক্রম সমাপ্ত হলেই দ্রুত কার্যক্রম শুরু হবে। | ক) বিধি বিধান অনুসরণ পূর্বক গাছ নিলামের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৭ | শিক্ষা বিভাগ | সভায় উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, তিনি অত্র উপজেলায় গত ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখে অত্র উপজেলায় যোগদান করেছেন। শ্রীমঙ্গল উপজেলার ১৩৮টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের শিখন ঘাটতি দূরীকরণে রিডিং হসপিটাল এর কার্যক্রম চালু রয়েছে। ইতোমধ্যেই বিদ্যালয় গুলোতে শিক্ষার্থীদের শিখন অগ্রগতি যাচাইয়ের জন্য তৃতীয় প্রান্তিক মূল্যায়ন শেষ হয়েছে। মা সমাবেশের মাধ্যমে ১০ ডিসেম্বর/২০২৩ পরীক্ষার ফলাফল দেওয়া হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | প্রাথমিক বিদ্যালয়গুলো পরিদর্শন করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৮ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত থাকায়, মাধ্যমিক শিক্ষা বিভাগ সম্পর্কে জানা যায়নি। আগামী সভায় তথ্য সহকারে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অনুপস্থিত থাকায় সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয়নি। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ০৯ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তার বলেন, সরকারি শিশু পরিবার (বালিকা) শ্রীমঙ্গল এ এতিম বালিকা শিশু ভর্তি করা হবে। তাদের বয়স ০৬-০৯ হতে হবে। শিশু পরিবার থেকে বিনামূল্যে নির্ধারিত ফরম সংগ্রহ করে ৩১ ডিসেম্বর ২৩ এর মধ্যে আবেদন করা যাবে। ভর্তিকৃত শিশুদেরকে সরকারিভাবে বিনামূল্যে (১৮ আঠার বছর পূর্ণ হওয়ার আগ পর্যন্ত) খাওয়া, দাওয়া চিকিৎসা এ শিক্ষা প্রদান করা হয়ে থাকে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এতিম বালিকাদের বয়সসীমা যাচাইক্রমে ভর্তি করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীমঙ্গল, মৌলভীবাজার |
| ১১ | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি জানান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা** |
| ১২ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৩ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, অত্র উপজেলায় নভেম্বর/২৩ পর্যন্ত নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ১৫২টি। সরকারী রাজস্ব আদায় নিয়মিতভাবে হচ্ছে। ভ্রাম্যমান প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদন করা হচ্ছে। সমবায় সমিতির অডিট সম্পাদন সমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা সমবায় বিভাগের রাজস্ব আদায় ও সমিতির অডিট কার্যক্রম জোরদার করণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা,শ্রীমঙ্গল |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীমঙ্গল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | দুর্যোগ ও ত্রাণ বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বর্তমানে শীতের তাপমাত্রা খুবই বেশি। শীতকালীন সময়ে গরীব অসহায় দু:স্থদের মধ্যে কম্বল বিতরণ কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শ্রীমঙ্গল। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় জনস্বাস্থ্য প্রকৌশল জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপ-সহ:প্রকৌ: (জনস্বাস্থ্য) শ্রীমঙ্গল |
| ১৭ | বন বিভাগ | সভায় রেঞ্জ বন কর্মকর্তা বলেন, শ্রীমঙ্গল উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ঝুকিপূর্ণ গাছগুলো পরিমাপ করার জন্য প্রাথমিক শিক্ষা দপ্তর থেকে পত্র পাওয়া গেছে। সঠিক পরিমাপ ও মূল্য নির্ধারণ করে অত্র কার্যালয়কে অবহিত করা হবে। | গাছের সঠিক মূল্য নির্ধারণ করার জন্য রেঞ্জ বন কর্মকর্তাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | রেঞ্জ বন কর্মকর্তা শ্রীমঙ্গল |
| ১৮ | খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, আমন ধান ও চাল সংগ্রহ চলতি মাসের ২৩ তারিখ থেকে শুরু হবে। কৃষকের অ্যাপস এ সকল কৃষকের আবেদন সম্পন্ন করে ধান বিক্রি করতে পারবেন।বিষয়টি সকল ইউনিয়নে মাইকিং ও লিফলেট বিতরণ করার মাধ্যমে সকলকে অবহিত করা হয়েছে। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ৩০/- টাকা। চলতি আমন মৌসুমে সংগ্রহ লক্ষ্যমাত্রা ৫৩৩ মে:টন ধান পাওয়া গেছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) | উপজেলা ডেভলোপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জনান যে, "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প"-এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য শ্রীমঙ্গল উপজেলা পরিষদের অবকাঠামোগত উন্নয়ন বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনা পিএমইউ-তে দাখিল করা হয়েছিলো এবং প্রকল্প পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। এখন নির্বাচিত উপ-প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হবে। | এলজিইডি বিভাগ কর্তৃক নির্বাচিত উপ-প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও ইউডিএফ (জাইকা) |
| ২০ | চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান দ্বয়ের ভ্রমণ বিল সংক্রান্ত | উপজেলা চেয়ারম্যান উপজেলা পরিষদ বলেন, গত জুলাই ২০২৩ হতে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের ভ্রমণ বিল উত্তোলন করা হয়নি। তিনি ভ্রমণ বিল প্রদান করার প্রস্তাব প্রেরন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ভ্রমণ বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ২১ | বিবিধ ০১ | সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, মো: আজমান, পিতা: মৃত ডা: এসএম এ খালেক, গ্রাম: মাধবপাশা, ডাক: সাতগাঁও নামক স্থান হতে একটি আর্থিক সাহায্যের আবেদন পাওয়া গেছে। উক্ত আবেদনের প্রেক্ষিতে আবেদনকারীকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১০০০০/- টাকা প্রদানের প্রস্তাব পেশ করেন। | মো: আজমান, পিতা: মৃত ডা: এসএম এ খালেক, গ্রাম: মাধবপাশা , ডাক: সাতগাঁও উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১০০০০/- প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| ২২ | বিবিধ ০২ | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, আগামী ৭ই জানুয়ারী ২০২৪ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে উক্ত নির্বাচন সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার লক্ষ্যে উপজেলা পরিষদের অভ্যন্তরে স্থাপিত সিসি ক্যামেরার লাইন মেরামত ও নতুন সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন মর্মে সভায় প্রস্তাব প্রেরণ করেন। উক্ত প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সিসি ক্যামেরা মেরামতের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| ২২ | বিবিধ ০৩ | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, তার কক্ষে ব্যবহারের জন্য একটি প্রিন্টার ক্রয়। এছাড়া একটি ডায়েস, পুরাতন নেইম প্লেইট পরিবর্তন ও উপজেলা পরিষদের নতুন ক্রোকারীজ ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করেন। উক্ত প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |
| ২২ | বিবিধ ০৪ | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, তার কক্ষে স্থাপিত এয়ারকন্ডিশনারটি সার্ভিসিং করা প্রয়োজন। এছাড়া উপজেলা সম্মেলন কক্ষের ৪টি এয়ারকন্ডিশনারটি সার্ভিসিং করা প্রয়োজন। আগামী ৭ জানুয়ারী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন উপলক্ষ্যে নির্বাচনী ফলাফলসহ যাবতীয় কার্যক্রম এই সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। ফলে উক্ত সম্মেলন কক্ষের দরজা, জানালা, এসি মেরামত করণের প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে সম্মেলন কক্ষের এসি, দরজা লাইট মেরামত করণের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শ্রীমঙ্গল। |

সভায় সভাপতি বলেন, উপজেলা পরিষদের অনেক দপ্তর আছেন যারা তাদের দাপ্তরিক কাজ সম্পর্কে সভায় তেমন কিছু অবগত করেননা। পরিষদ সভায় সকল দপ্তরকে তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবগত করার অনুরোধ জানান। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ভানু লাল রায়)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮৮৩.০০২.০৩.০০৯.২৩.৫১

তারিখ: ০৩/০১/২০২৪

বিতরণ: কার্যার্থে।

১। মেয়র, শ্রীমঙ্গল পৌরসভা।
২। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।
৩। উপজেলা..............................................কর্মকর্তা (সকল), শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪। চেয়ারম্যান..............................................(সকল) ইউপি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৫। বেগম....................................................মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। বীরমুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মোঃ আব্দুস শহীদ, এমপি ও সভাপতি, অনুমিত হিসাব সম্পর্কিত সংসদীয় কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার।

০৩/০১/২৪

(মোঃ আবু তালেব)
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীমঙ্গল মৌলভীবাজার